

# সমকাল

## বঙ্গবন্ধু মেডিকেলের নতুন উপ-উপাচার্য ডা. সাহানা আখতার

১১ ঘণ্টা আগে

### সমকাল প্রতিবেদক

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) উপ-উপাচার্য (শিক্ষা) হিসেবে নিয়োগ পেয়েছেন অধ্যাপক ডা. সাহানা আখতার রহমান। গত মঙ্গলবার রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের আচার্য মো. আবদুল হামিদ আগামী তিন বছরের জন্য তাকে এ পদে নিয়োগ দেন।

শিশু বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. সাহানা আখতার রহমান প্রথম নারী, যিনি বিএসএমএমইউ'র উপ-উপাচার্য হলেন। গতকাল বুধবার স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে এ আদেশ জারি করা হয়। গতকালই নবনিযুক্ত উপ-উপাচার্য দায়িত্ব গ্রহণ করেছেন।

ডা. সাহানা আখতার রহমান ১৯৮২ সালে ঢাকা মেডিকেল কলেজ থেকে এমবিবিএস পাস করেন। ১৯৯০ সালে তিনি এফসিপিএস (শিশু) এবং ১৯৯৫ সালে যুক্তরাজ্য থেকে চিকিৎসা শিক্ষায় মাস্টার্স ডিগ্রি অর্জন করেন। তিনি বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ও অর্থনীতিবিদ ড. আতিউর রহমানের স্ত্রী।

নবনিযুক্ত উপ-উপাচার্যকে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, স্বাধীনতা চিকিৎসক পরিষদ (স্বাচিপ), উর্ধ্বতন কর্মকর্তা, শিক্ষক, চিকিৎসক, নার্সসহ কর্মচারীরা শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com